

রোমের রিহ্যাব মেলায় ক্রেতাদের সাড়ায় হতাশার ছায়া

শেখ মহিতুর রহমান বাবলু

স

ভ্যতার সুতিকাগার ইতালীর রাজধানী রোমে ইতিপূর্বে একাধিকবার রিহ্যাবের মেলা অনুষ্ঠিত হলেও এবারের তিন দিনের মেলা

ছিল সর্বাধিক বড়ো আয়োজনে। প্রায় ৪০টি ডেভলপার কোম্পানীর অংশগ্রহণে হোটেল রেডিসায় আয়োজিত মেলার সাজসজ্জা ও প্রবাসীদের উপস্থিতিতে মেলা প্রাঙ্গণ পরিণত হয়েছিল একটি ছোট বাংলাদেশের মতো। ডেভলপার কোম্পানীগুলো বুকিং এর সাথে নগদ ছাড়সহ ঘোষণা করে আকর্ষণীয় প্যাকেজ পুরস্কার।

ইতালী থেকে নিয়মিত প্রকাশিত একমাত্র বাংলা কাগজ স্বদেশ বিদেশ'র পাতায় মেলার খবর প্রকাশিত হওয়ায় ইউরোপের বেশ ক'টি দেশে বসবাসরত বাংলাদেশীরাও এসেছিলেন এবারের মেলায়। সব মিলিয়ে মেলাপ্রাঙ্গণে প্রবাসীদের উপস্থিতি হয় চোখে পড়ার মতো। কিন্তু হতাশার কথা হচ্ছে এতো মানুষের সমাগম হলেও বুকিং এর পরিমাণ ছিল খুবই নগণ্য। সামর্থ্য এবং ইচ্ছা থাকার পরও বুকিং করেননি অনেক প্রবাসী। কথা বলে জানাযায় বিশ্বস্থতা বা স্বচ্ছ নীতিমালার অভাব তাদেরকে শঙ্কিত করেছে। কেউই অর্থ দিয়ে ঝামেলা কিনতে রাজী নন। যদিও মেলার গ্রহণ যোগ্যতা বাড়ানোর জন্য মেলা উদ্বোধন করেন বাংলাদেশ সরকারের পূর্তসচিব এএসএম রাশিদুল হাই। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রোমস্থ বাংলাদেশ দূতাবাসের রাষ্ট্রদূত এম ফজলুল করীম। রাজনৈতিক কাউন্সিলর ও লেখক শামীম আহসান। অর্থনৈতিক কাউন্সিলর নাসরিন আক্তার এবং স্থানীয় নেতৃস্থানীয় ব্যক্তির।

বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের শুদ্ধি অভিযান এবং দুর্নীতি দমন কমিশনের গঠিত টাস্কফোর্সের নজর এড়াতে দেশের অধিকাংশ কালোটাকার মালিকরা এখন গর্তে আত্মগোপন করেছে। এবাবস্থায় প্লট বা ফ্ল্যাটের বুকিং দিয়ে নতুন সমস্যায় জড়াতে চায় না প্রবাসীরা। স্থানীয় বাংলা কাগজের একটা পরিসংখ্যানে দেখা গেছে গত ৮/৯ মাসে দেশে প্লট বা ফ্ল্যাটের বুকিং হ্রাস পেয়েছে প্রায় ৬০ ভাগ। রিয়েল এস্টেট ব্যবসায়ীরা তাই ছুটতে শুরু করেছে প্রবাসীদের দুয়ারে। রিয়েল এস্টেট ব্যবসায়ীদের বিভিন্ন অনীয়ম, ভূমিদস্যুপনা এবং ধোকাবাজির শীকার ইতমধ্যে প্রবাসীরাও হয়েছে। তাই তারা শুধু কম্পিউটারে আকা প্লট আর ফ্ল্যাটের ছবি দেখে বুকিং দিতে নারাজ।

বাংলাদেশে আইন আছে কিন্তু প্রয়োগ নেই। আইন লংঘন কারী ভূমিদস্যুরা একশ্রেণীর রাজনীতিবিদ এবং সরকারী কর্মকর্তাদের ছত্রছায়ায় সরকারী খাস জমি ও ক্ষুদ্র ক্ষুদ্র জমির মালিকদের জমি দখল করে বিয়েল এস্টেট ব্যবসা চালিয়ে যাচ্ছে। দেশের বর্তমান সরকার এসমস্ত অন্যায়েবিরুদ্ধে ব্যবস্থা নিতে শুরু করলে থলে থেকে বেরিয়ে আসে অসংখ্য বিড়াল।

প্রবাসীরা চায় তাদের কষ্টার্জিত অর্থ দেশে বিনিয়োগ করতে। দেশের উন্নতি এবং অগ্রগতিতে আরো শক্ত অংশ নিতে। কিন্তু তার জন্য প্রয়োজন বিনিয়োগের অনুকূল পরিবেশ। কিন্তু হয়...

ইতালী থেকে

bablubolzano@yahoo.com